



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

www.bteb.gov.bd



স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০১.১৯.০০২.১৭-৬৫২৭

তারিখ: ২৬ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ২য় ও ৪র্থ পর্বে অধ্যয়নরত বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের ১৫-০২-২০১৮ তারিখের মধ্যে ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের প্রধানকে পরিচালক (কারিকুলাম) বরাবরে নিম্নবর্ণিত ছক মোতাবেক ডাঁক/বাহক মারফত হার্ড কপি এবং অন-লাইনে নিম্ন ছকে (Excel Sheet) পূরণ করে btebcurriculum@gmail.com মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হল।

১৫/০২/২০১৮ তারিখের পরে কোন আবেদন জমা নেয়া হবে না।

নির্ধারিত ছকঃ

ক্রঃ নং ০৪	শিক্ষার্থীর নাম	টেকনোলজি	রোল নম্বর	পর্ব	শিফট	রেজিস্ট্রেশন নম্বর	সেশন	মোট আসন সংখ্যা	বিদ্যমান শিক্ষার্থী সংখ্যা	শূন্য আসন সংখ্যা	পূর্ববর্তী পর্বের জিপিএ	ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও কোড	গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম ও কোড

বদলির সাধারণ নীতিমালা:

- আসন খালি থাকা ও এই নীতিমালার অন্যান্য শর্তাবলী সাপেক্ষে বদলি করা যাবে।
- শিক্ষার্থী বদলির ক্ষেত্রে টেকনোলজি ও প্রবিধানের মিল থাকতে হবে।
- কেবল মাত্র ২য়, ৩য় ও ৪র্থ পর্বের শিক্ষার্থী পর্বের শুরুরূপে নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে বদলির আবেদন করতে হবে।
- কোন অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলি হতে পারবে না।
- সরকারি পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার্থী কেবলমাত্র সরকারি পলিটেকনিক ইন্সটিটিউটে ও সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষার্থী কেবলমাত্র সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে এবং বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হওয়ার সুযোগ পাবে।
- ১ম শিফটের শিক্ষার্থী ১ম শিফটে এবং ২য় শিফটের শিক্ষার্থী ২য় শিফটে বদলি হওয়ার সুযোগ পাবে।
- পিতা মাতার সরকারী কর্মচারী হলে তাদের বদলির ক্ষেত্রে বদলি কৃত কর্মস্থলে বা নিকটবর্তী প্রতিষ্ঠানে তাদের সমতুল্য বদলি হতে পারবে।
- বদলির ক্ষেত্রে অন্যান্য শর্ত প্রতিপালন করলে ছাত্রীদের অগ্রাধিকার দেয়া হবে।
- শৃংখলাজনিত কারণে অধ্যক্ষের সুপারিশের প্রেক্ষিতে বদলি করা যাবে।
- পিতা/মাতার মৃত্যুজনিত কারণে বদলি করা যাবে।
- ছাড়পত্র প্রদানকারি অধ্যক্ষ বদলি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের আবেদন দুই প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ অভিভাবকের প্রতিস্বাক্ষরসহ ডাঁক/বাহক মারফত হার্ড কপি এবং অন-লাইনে নিম্ন ছকে (Excel Sheet) সফট কপি পূরণ করে btebcurriculum@gmail.com মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- সংশ্লিষ্ট দুই প্রতিষ্ঠান ছাত্রপ্রতি ১০০ (একশত) টাকা করে ফি আদায় করতে পারবে।
- বদলির জন্য মনোনীত হলে গ্রহণকারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রতি শিক্ষার্থীকে ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকা হারে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে নির্ধারিত ব্যাংকে জমা প্রদানের রশিদ সংযুক্ত করতে হবে।
- রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, যে পর্বে বদলি হতে ইচ্ছুক তার পূর্ববর্তী পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি, পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি যে প্রতিষ্ঠানে ভর্তি হবে সেই প্রতিষ্ঠানের অধ্যক্ষ সংরক্ষণ করবেন।
- মেধারক্রম অনুসারে শূন্য আসনে বদলির জন্য মনোনয়ন করা হবে।
- আবেদনের শেষ তারিখ: ১৫-০২-২০১৮খ্রিঃ, ফলাফল প্রকাশ: ২০-০২-২০১৮খ্রিঃ, বদলী কার্যক্রমের শেষ তারিখ: ২৬-০২-২০১৮খ্রিঃ

বিঃ দ্রঃ ইতোপূর্বে যাদের আবেদন উভয় প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ বোর্ডে জমা দেয়া হয়েছে তাদের তালিকা ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে প্রেরণ করতে হবে।

স্বাক্ষরিত/-

(মো: আক্তারউজ্জামান)
পরিচালক (কারিকুলাম)

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.১৯.০০২.১৭-৬৫২৭(৪০৭)

তারিখঃ ০৮/০২/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

- ১। মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানান হল)।
- ৫। উপ-সচিব(রেজিস্ট্রেশন) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬-৪০৫। অধ্যক্ষ.....।
- ৪০৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪০৭। নথি।

(মোঃ সেলিম মুখা)

কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)

ফোনঃ ৯১২৫৩৬৫

ইমেইলঃ btebcurriculum@gmail.com